



তারতীয় রিজার্ভ ব্যাঙ্ক  
RESERVE BANK OF INDIA

[www.rbi.org.in](http://www.rbi.org.in)

আর বি আই/২০১১-১২/১৫৪

আরপিসিডি.সিও.আরআরবি.বিসি নং১৭/০৩.০৫.৩৩/২০১১-১২

অগাস্ট ১৬, ২০১১

সভাপতি

আঞ্চলিক গ্রামীণ ব্যাঙ্কসমূহ

প্রিয় মহাশয়,

**ব্যাঙ্কিং চ্যানেলের অপব্যবহার-**

**৫০,০০০ টাকা এবং তদতিরিক্ত ডিম্যান্ড ড্রাফট জারি এবং অর্থপ্রদান**

অনুগ্রহ করে আমাদের মে ২৯, ১৯৯১ তারিখের সর্কুলার আরপিসিডি.নং.এনবি.বিসি.১২৪/আরআর বি.১৬/৯০-৯১ দেখুন যেখানে বলা আছে ডিম্যান্ড ড্রাফট, মেল ট্রান্সফার, টেলিগ্রাফিক ট্রান্সফার এবং ট্রাভেলার্স চেক গ্রাহকের একাউন্ট থেকে ডেবিট করে অথবা ক্রেতা কর্তৃক দাখিল করা চেক অথবা কোনও লেখ্যের বদলে কেবলমাত্র ব্যাঙ্কই জারি করতে পারবে এবং নগদ অর্থ প্রদানের বদলে নয়।

২. আমাদের নজরে আনা হয়েছে যে কোনও কোনও ব্যাঙ্ক সম্প্রতি ৫০,০০০ টাকা এবং তার বেশি টাকার ডিম্যান্ড ড্রাফট নগদ অর্থ নিয়ে জারি করেছে, গ্রাহকের একাউন্ট থেকে ডেবিট করেনি অথবা চেক বা গ্রাহক কর্তৃক দাখিল করা অন্য লেখ্যের পরিবর্তেও না।

৩. বর্তমান অবস্থায় যেখানে সাধারণভাবে আর্থিক ব্যবস্থা এবং বিশেষভাবে ব্যাঙ্কিং চ্যানেলগুলির বিশ্বস্ততা প্রধানতম গুরুত্বপূর্ণ বিষয়, সেখানে নির্দেশাবলির উল্লঙ্ঘন তার সুদূরপ্রসারী প্রভাবের দৃষ্টিকোণ থেকে নিয়ন্ত্রণের পক্ষে গুরুতর উদ্বেগের কারণ।

৪. উপরোক্ত পরিপ্রেক্ষিতে, আমরা পুনরাবৃত্তি করছি যে উপরে উল্লিখিত মে ২৯, ১৯৯১ তারিখের আমাদের সর্কুলারে বর্ণিত নির্দেশাবলি ব্যাঙ্কগুলি যেন কঠোরভাবে পালন করে। এই নির্দেশাবলির কোনওরূপ লঙ্ঘন গুরুত্বসহকারে বিচার করা হবে।

আপনার বিশ্বস্ত,

(সি.ডি.শ্রীনিবাসন)

মুখ্য মহাপ্রবন্ধক